



দুর্নীতি ও ঘুষের অভিযোগে ঢাকা উত্তরের প্রশাসকের দেশত্যাগে নিষেধাজ্ঞা



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক মোহাম্মদ এজাজ। ছবি: সংগৃহীত

দুর্নীতির অভিযোগের অনুসন্ধান চলমান থাকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক মোহাম্মদ এজাজের বিদেশযাত্রায় নিষেধাজ্ঞা চেয়ে আবেদন করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।

আবেদনে বলা হয়, ক্ষমতার অপব্যবহার, অনিয়ম ও ঘুষ গ্রহণসহ একাধিক অভিযোগ তার বিরুদ্ধে তদন্তাধীন। মিরপুর গাবতলী পশুর হাট ইজারা, ই-রিকশা প্রকল্প, বোরাক টাওয়ার/হোটেল শেরাটন দখলভার, বনানী কাঁচাবাজারে দোকান বরাদ্দ, খিলগাঁও তালতলা সুপার মার্কেটের পার্কিং স্থানে দোকান নির্মাণ ও বরাদ্দ, সিটি কর্পোরেশনের ভ্যান সার্ভিস এবং ফুটপাথের দোকান বন্টনসহ বিভিন্ন বিষয়ে অভিযোগ রয়েছে।

দুদক আইন ২০০৪-এর ২২ ধারা, বিধিমালা ২০০৭-এর ৮ বিধি এবং ফৌজদারি কার্যবিধির ১৬০ ধারায় নোটিশ দেওয়া হলেও তিনি দুদকে হাজির হননি বলে আবেদনে উল্লেখ করা হয়। তদন্তের স্বার্থে তিনি দেশত্যাগ করতে পারেন—এ আশঙ্কা থেকে তার বিদেশ গমন হ্রাসিতের প্রয়োজনীয়তার কথা জানায়।